

তথ্যবিবরণী

নম্বর-১১৬

## ময়মনসিংহ সিটি নির্বাচন মেয়র পদে মনোনয়ন দাখিল ০৭ প্রার্থীর

ময়মনসিংহ (মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.):

১৩ ফেব্রুয়ারি (মঙ্গলবার) শেষদিন পর্যন্ত ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে ০৭ প্রতিদ্বন্দ্বী মনোনয়নপত্র জমাদানের মাধ্যমে মেয়র পদের জন্য প্রার্থী হন। সেইসাথে সংরক্ষিত আসনের কাউন্সিলর ১১টি পদের বিপরীতে ৬৯টি মনোনয়নপত্র জমা পড়ে। এছাড়াও ১৬৪টি মনোনয়নত্র দাখিল করা হয়েছে সিটির ৩৩টি সাধারণ ওয়ার্ডের বিপরীতে।

ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়ের অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন-২০২৪ এর সহকারী রিটার্নিং অফিসার শেখ মুহাম্মদ হাবিবুর রহমান এর বরাতে জানা যায়, জাতীয় পার্টির দলীয় মনোনয়ন হিসেবে শহিদুল ইসলাম মেয়র পদে মনোনয়নপত্র দাখিল করেন। মোঃ গোলাম ফেরদৌস, এহতেশামুল আলম, সাদেকুল হক খান, ইকরামুল হক, ফারামার্জ আল নূর, মোঃ রেজাউল হকসহ মোট ছয়জন স্বতন্ত্র প্রার্থী হিসেবে মেয়র পদের বিপরীতে মনোনয়নপত্র জমা দেন। এতে করে জমাদানের শেষ তারিখ পর্যন্ত মোট ০৭ জন প্রতিদ্বন্দ্বী মেয়র পদে মনোনয়নপত্র দাখিল করলেন।

উল্লেখ্য, সিটি নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ সময় ১৩ ফেব্রুয়ারি, মনোনয়নপত্র বাছাই ১৫ ফেব্রুয়ারি, রিটার্নিং কর্মকর্তাদের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল ১৬ থেকে ১৮ ফেব্রুয়ারি। আপিল নিষ্পত্তি হবে ১৯ ও ২০ ফেব্রুয়ারি, প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ২২ ফেব্রুয়ারি, প্রতীক বরাদ্দ ২৩ ফেব্রুয়ারি। আর ভোটগ্রহণ ৯ মার্চ সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

#

মনির/দেওয়ান/হদা/রিদওয়ান/রেজভী/২০২৪/২০:৩০ ঘণ্টা